

### বীজ বিপণন ব্যবস্থা পরিচিতি


কৃষিতে বীজের গুরুত্ব অপরিসীম। বীজ হলো ফসলের প্রাণ। ফসলের উৎপাদন বৃদ্ধিতে মানসম্পন্ন ভাল বীজের ব্যবহার নিশ্চিত করা একান্ত জরুরি।

ধান বীজের প্রকারভেদ : তিন ধরনের ধান বীজ রয়েছে। যেমন-


- ▶ ব্রিডার বীজ (বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউট ব্রিডার বীজ উৎপন্ন করে)।
- ▶ ভিত্তি বীজ (বিএডিসি এবং এনজিও ব্রিডার বীজ হতে ভিত্তি বীজ উৎপাদন করে)।
- ▶ প্রত্যায়িত বা মানঘোষিত বীজ (কৃষকেরা প্রত্যায়িত বা মানঘোষিত বীজের চাষ করেন)।

### ধান বীজ বিপণন প্রক্রিয়া


- ▶ ভিত্তি বীজের জন্য বিএডিসি এবং এনজিও'র সঙ্গে যোগাযোগ করুন।
- ▶ ব্র্যাক, সিনজেনটা, প্রশিকা, জিকেএফ ইত্যাদি এনজিও এবং বিভিন্ন ডিলারদের কাছে প্রত্যায়িত/মানঘোষিত বীজ পেতে পারেন।
- ▶ এছাড়াও স্থানীয় বাজার এবং অন্যান্য কৃষকদের নিকট থেকে ভালো বীজ সংগ্রহ করতে পারেন।
- ▶ বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান হতেও ভালো জাতের বীজ সংগ্রহ করে অধিক ফলন পেতে পারেন।



বীজের প্রকারভেদ ও বিপণন ব্যবস্থা।



আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক বীজ বিপণন ব্যবস্থা



ধান বীজ উৎপাদনে লাভ

## উপসংহার

ধান বীজ একটি জৈব দ্রব্য, যার বিপণন ব্যবস্থাপনায় যথেষ্ট সতর্কতা অবলম্বন করা দরকার। কারণ একটু অসতর্কতার জন্য কৃষকের মারাত্মক ক্ষতি হতে পারে। বর্তমান সরকারের উদার বীজ নীতির জন্য বহু বেসরকারি প্রতিষ্ঠানের উপর বীজ বিপণনের দায়িত্ব অর্পিত হয়েছে। এ অবস্থায় তাদেরকে জাতীয় উন্নয়নের এ দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে। তবে লক্ষ্য রাখতে হবে কৃষক যেন প্রতারিত না হয়।